কালের কণ্ঠ
18 OCT 2017

# ডাকসু নির্বাচন দাবিতে শিক্ষার্থীদের অবস্থান কর্মসূচি

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের দাবিতে অবস্থান কর্মসূচি পালন করেছে বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা। গতকাল মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তারা এ কর্মসূচি পালন করে। ওই সময় 'অবিলম্বে ডাকসু নির্বাচনের তফসিল ঘোষণা কর', 'আশ্বাস নয়, ডাকসু নির্বাচনের উদ্যোগ চাই', 'অচল ডাকসু সচল কর', 'ডাকসু আমাদের অধিকার ফিরিয়ে দাও' স্লোগানসংবলিত প্ল্যাকার্ড বহন করে তারা। এর আগে বিশ্ববিদ্যালয়ের কলাভবনের সামনে থেকে মিছিল নিয়ে শিক্ষার্থীরা ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে প্রশাসনিক ভবনের সামনে গিয়ে অবস্থান নেয়। এতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা অংশ নেয়।

মিছিল-পরবর্তী অবস্থান কর্মসূচিতে বক্তব্য দেন কর্মসূচির সমন্বয়ক গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থী মাসুদ আল মাহাদী, মিশুক মনির, সিজান আহমেদ জিম, আবু রায়হান, সাইফুল ইসলাম, তিয়াশা ইদরাক, সুমাইয়া আফরিন অর্নি, ফারিয়া আব্দুল্লাহ, কানিজ ফাতেমা, সাইদুল ইসলাম শুভ, অনাবিল ঘোষ, মার্কেটিং বিভাগের আব্দুল্লাহ, ছাত্র ফেডারেশনের উম্মে হাবিবা বেনজির, ছাত্রফ্রন্টের সালমান সিদ্দিক প্রমুখ।

মাসুদ আল মাহাদী বলেন, 'বিশ্ববিদ্যালয়ে তৃতীয় শ্রেণি, চতুর্থ শ্রেণি, কারিগরি, শিক্ষক সবার নির্বাচন হয়। কিন্তু যাদের জন্য এই আয়োজন সেই ছাত্রদের নির্বাচন হয় না বছরের পর বছর।'